রজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক" ২০২০ সনের ৪৪ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ২৯, ২০২০

## সূচিপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৬২৭—৬৩০ | ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৭৭১—৭৯০ | ক্রোড়পত্র—সংখ্যা | |
| | | (১) .....সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| | | (২) .....বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৮৫—২০০ | (৩) ..... বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) ..... কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) ..... তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৭৯১—৮২৯ | (৬) .......................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**উর্ধ্বতন নিয়োগ-১ শাখা**

**শোক বার্তা**

তারিখ : ১৯ ভাদ্র ১৪২৭/০৩ সেপ্টেম্বর ২০২০

নং **০৫.০০.০০০০.১৩২.৩২.১২৭.১৮-৪৯৬**—পল্লী উন্নয়ন একাডেমি, বগুড়া এর প্রাক্তন মহাপরিচালক (অতিরিক্ত সচিব) মোঃ আমিনুল ইসলাম (পরিচিতি নম্বর-৫৩৫১) করোনা ভাইরাসে ( কোভিড-১৯) আক্রান্ত হয়ে ১১ জুলাই ২০২০ তারিখে রাজশাহী মেডিকেল কলেজে মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

২। জনাব মোঃ আমিনুল ইসলাম ১৯ জুলাই ১৯৬২ তারিখে পাবনা জেলায় জন্মগ্রহণ করেন। তিনি ২০ ডিসেম্বর ১৯৮৯ তারিখে বিসিএস (প্রশাসন) ক্যাডারে যোগদান করেন। তিনি ২৯ অক্টোবর, ২০১৮ তারিখে অতিরিক্ত সচিব পদে পদোন্নতি লাভ করেন।

৩। তিনি দীর্ঘ চাকরি জীবনে অত্যন্ত কর্তব্যপরায়ন, দক্ষ, নিষ্ঠাবান ও সদালাপী কর্মকর্তা ছিলেন। মৃত্যুকালে তিনি স্ত্রী ও ০২ (দুই) পুত্রসহ বহু আত্মীয়-স্বজন এবং অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

৪। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জনাব মোঃ আমিনুল ইসলাম এর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করছে এবং তাঁর পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছে।

**শেখ ইউসুফ হারুন**
সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**সলিসিটর অনুবিভাগ (জিপি/পিপি শাখা)**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ০১ সেপ্টেম্বর ২০২০ খ্রিঃ

নং **৯৫/সলিসিটর/৭৬-৫৬**—মহামান্য রাষ্ট্রপতি The Bangladesh Law Officers Order, 1972 (P.O.No. 6 of 1972) এর ৩(২) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত সুপ্রীম কোর্টের আইনজীবী জনাব এস, এম, মুনীর-কে বাংলাদেশের অতিরিক্ত অ্যাটর্নি-জেনারেল পদে নিয়োগ প্রদান করিলেন।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রুনা নাহিদ আকতার**
সলিসিটর।

---

**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ : ০২ সেপ্টেম্বর ২০২০ খ্রিঃ

নং **বিচার-৭/২-এন-৭৩/২০০২(অংশ)-১৪৩**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে মোঃ আব্দুল কাইয়ুম, পিতা- মোঃ রঙ্গু হোসেন, মাতা-আলিফ চাঁন, গ্রাম-পূর্ব শ্রীরামপুর, ডাকঘর-সুরাবই-৩৩৩২, উপজেলা-হবিগঞ্জ সদর (নবসৃষ্ট শায়েস্তাগঞ্জ), জেলা-হবিগঞ্জ। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে হবিগঞ্জ জেলার নবসৃষ্ট শায়েস্তাগঞ্জ উপজেলার ০৭নং নূরপুর ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

০২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

০৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোনো উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**বুলবুল আহমেদ**
সিনিয়র সহকারী সচিব।

**বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ০১ শ্রাবণ, ১৪২৭/১৬ জুলাই, ২০২০

নং **৩৯.০০.০০০০.০১২.০০২.০৫.২০-১১৬**—২০২০-২০২১ অর্থ বছরে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (NST) ফেলোশিপের আবেদনপত্র যাচাই-বাছাই, আবেদনকারীদের মৌখিক পরীক্ষা গ্রহণ এবং মেধা তালিকা প্রণয়নের জন্য নিম্নোক্ত ভৌত বিজ্ঞান বিষয়ক কমিটি গঠন করা হলো :

**আহ্বায়ক**

১। অধ্যাপক ডঃ মোঃ আবুল কাশেম মিয়া
কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ,
বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

**সদস্যবৃন্দ**

২। অধ্যাপক ড. ফরিদ আহেমদ
পদার্থ বিজ্ঞান বিভাগ,
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।

৩। অধ্যাপক ড. মোহাম্মদ মিজানুর রহমান
ফলিত রসায়ন ও কেমিকৌশল বিভাগ,
ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

**সদস্য-সচিব**

৪। জনাব মোঃ আছির উদ্দীন সরদার
উপসচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং **৩৯.০০.০০০০.০১২.০০২.০৫.২০-১১৭**—২০১৯-২০২০ অর্থ বছরে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (NST) ফেলোশিপের আবেদনপত্র যাচাই-বাছাই, আবেদনকারীদের মৌখিক পরীক্ষা গ্রহণ এবং মেধা তালিকা প্রণয়নের জন্য নিম্নোক্ত জীব বিজ্ঞান ও চিকিৎসা বিজ্ঞান বিষয়ক কমিটি গঠন করা হলো :

**আহ্বায়ক**

১। অধ্যাপক ড. সাবিতা রিজওয়ানা রহমান
অনুজীব বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

**সদস্যবৃন্দ**

২। অধ্যাপক ডা. সৈয়দ মোজাফফর আহমেদ
ফিজিক্যাল মেডিসিন এন্ড রিহ্যাবিলিটেশন বিভাগ,
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেডিক্যাল বিশ্ববিদ্যালয়,
শাহবাগ, ঢাকা।

৩। অধ্যাপক ড. মোঃ গোলাম মোস্তফা
মৎস বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

**সদস্য-সচিব**

৪। ড. মোঃ সেলিম রেজা
উপসচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং **৩৯.০০.০০০০.০১২.০০২.০৫.২০-১১৮**—২০১৯-২০২০ অর্থ বছরে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (NST) ফেলোশিপ নবায়নের আবেদনপত্র সমূহ যাচাই-বাছাই, আবেদনকারীদের মৌখিক পরীক্ষা গ্রহণ এবং মেধা তালিকা প্রণয়নের জন্য নিম্নোক্ত নবায়ন কমিটি গঠন করা হলো :

**আহ্বায়ক**

১। অধ্যাপক ড. মোঃ সাইফুল ইসলাম
ইনস্টিটিউট অব ইনফরমেশন এ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি
বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

**সদস্যবৃন্দ**

২। অধ্যাপক ড. পরিমল কান্তি বিশ্বাস
কৃষিতত্ত্ব বিভাগ, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

৩। অধ্যাপক ড. মোঃ ইমদাদুল হক
ডিন, উদ্ভিদ বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

**সদস্য-সচিব**

৪। ড. মোহাম্মদ মুসলিম
উপসচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং **৩৯.০০.০০০০.০১২.০০২.০৫.২০-১১৯**—২০২০-২০২১ অর্থ বছরে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (NST) ফেলোশিপের আবেদনপত্র যাচাই-বাছাই, আবেদনকারীদের মৌখিক পরীক্ষা গ্রহণ এবং মেধা তালিকা প্রণয়নের জন্য নিম্নোক্ত খাদ্য ও কৃষি বিজ্ঞান কমিটি-৩ গঠন করা হলো :

**আহ্বায়ক**

১। প্রফেসর ড. মোঃ জালাল উদ্দিন সরদার
ভেটেরিনারি এন্ড এনিমেল সায়েন্সের বিভাগ,
রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।

**সদস্যবৃন্দ**

২। প্রফেসর তোফায়েল আহমেদ
কৃষি বনায়ন ও পরিবেশ বিভাগ, বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর।

৩। প্রফেসর ড. মীর্জা হাছানুজ্জামান
কৃষিতত্ত্ব বিভাগ, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়,
শেরেবাংলা নগর, ঢাকা।

**সদস্য-সচিব**

৪। জনাব বাবুল মিয়া
উপসচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং **৩৯.০০.০০০০.০১২.০০২.০৫.২০-১২০**—২০২০-২০২১ অর্থ বছরে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (NST) ফেলোশিপের আবেদনপত্র যাচাই-বাছাই, আবেদনকারীদের মৌখিক পরীক্ষা গ্রহণ এবং মেধা তালিকা প্রণয়নের জন্য নিম্নোক্ত খাদ্য ও কৃষি বিজ্ঞান কমিটি-২ গঠন করা হলো :

**আহ্বায়ক**

১। অধ্যাপক ড. বিধান চন্দ্র হালদার
উদ্যানতত্ত্ব বিভাগ, হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দিনাজপুর।

**সদস্যবৃন্দ**

২। প্রফেসর ড. সৈয়দ সায়েম উদ্দিন আহম্মদ
এপিডেমিওলজি ও পাবলিক হেলথ বিভাগ,
সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট।

৩। প্রফেসর ড. এ. কে. এম. জাকির হোসেন
ফসল উদ্ভিদ বিজ্ঞান বিভাগ, কৃষি অনুষদ,
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।

**সদস্য-সচিব**

৪। জনাব রতন কুমার মন্ডল
উপসচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং **৩৯.০০.০০০০.০১২.০০২.০৫.২০-১২১**—২০২০-২০২১ অর্থ বছরে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (NST) ফেলোশিপের আবেদনপত্র যাচাই-বাছাই, আবেদনকারীদের মৌখিক পরীক্ষা গ্রহণ এবং মেধা তালিকা প্রণয়নের জন্য নিম্নোক্ত খাদ্য ও কৃষি বিজ্ঞান কমিটি-১ গঠন করা হলো :

**আহ্বায়ক**

১। প্রফেসর ড. মোঃ ছোলায়মান আলী ফকির
ফসল উদ্ভিদ বিজ্ঞান বিভাগ,
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।

**সদস্যবৃন্দ**

২। অধ্যাপক ড. মোঃ নজরুল ইসলাম
উদ্যানতত্ত্ব বিভাগ, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

৩। অধ্যাপক ড. আবু সাদেক মোঃ সেলিম
এনিম্যাল সায়েন্স এন্ড নিউট্রিশন বিভাগ, বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, সালনা, গাজীপুর।

**সদস্য-সচিব**

৪। মোঃ রবিউল ইসলাম,
যুগ্মসচিব, অধিশাখা-১২,
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**মোঃ রবিউল ইসলাম**
যুগ্মসচিব।

---

## সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
## সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
### এমআরটি শাখা

**প্রজ্ঞাপন**

তারিখ : ৩০ ভাদ্র ১৪২৭/১৪ সেপ্টেম্বর ২০২০

নং **৩৫.০০.০০০০.০৬৫.০৬.০২১.১৯-১৪৯**—ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড এর আওতায় বাস্তবায়নাধীন মেট্রোরেল লাইন-৬ (উত্তরা হতে মতিঝিল) এর ভাড়া নির্ধারণের লক্ষ্যে মেট্রোরেল আইন, ২০১৫ এর ধারা ১৮(১) অনুসারে নির্বাহী পরিচালক, ডিটিসিএ'র নেতৃত্বে নিম্নরূপ কমিটি গঠন করা হলো :

**আহ্বায়ক**

১। নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)

**সদস্যবৃন্দ**

২। জনাব মোঃ আব্দুর রৌফ খান, যুগ্মসচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

৩। জনাব মোঃ জাকারিয়া, অতিরিক্ত প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), ডিএমটিসিএল

৪। জনাব মোঃ লোকমান হোসেন মোল্লা, পরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ

৫। অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে

৬। জনাব মোঃ আমজাদ হোসেন (উপ-সচিব), জেনারেল ম্যানেজার (অর্থ ও হিসাব), বিআরটিসি

**সদস্য-সচিব**

০৭। জনাব এ কে এম হাফিজুর রহমান, অতিরিক্ত নির্বাহী পরিচালক (ম্যাস ট্রানজিট), ডিটিসিএ

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**বিনা রানী দাস**
সহকারী সচিব।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ : ০৫ জুলাই ২০২০ খ্রিঃ

নং **বিচার-৭/২-এন-৬০/৭৭-১০৩**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (লিয়াকত সরদার, পিতা-সিরাজ সরদার, মাতা-মরিয়াম বেগম, গ্রাম-কমলাপুর, ডাকঘর-মুকসুদপুর, উপজেলা-মুকসুদপুর, জেলা-গোপালগঞ্জ) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে গোপালগঞ্জ জেলার মুকসুদপুর উপজেলার মুকসুদপুর পৌরসভার ৪, ৫ ও ৬নং ওয়ার্ডের সমন্বয়ে গঠিত নতুন অধিক্ষেত্রের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোনো উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আনোয়ারুল হক**
সিনিয়র সহকারী সচিব।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**শৃঙ্খলা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৫ ভাদ্র ১৪২৭/০৯ সেপ্টেম্বর ২০২০

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৩১.২০১৯-১৫৫**—যেহেতু, আপনি জনাব মোঃ শাহিনুর ইসলাম (বিপি-৮৯১৬১৭৮৪৩৬), সহকারী পুলিশ সুপার, র‌্যাব-৬, খুলনা ইতিপূর্বে সহকারী পুলিশ সুপার র‌্যাব-০২, ঢাকা হিসেবে কর্মকালে গত ২৪ ও ২৫ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিঃ তারিখে তেজগাঁও শিল্পাঞ্চল থানাধীন বিকাজু কোল্ড স্টোরেজ এ র‌্যাব-২ এর তত্ত্বাবধানে র‌্যাবের নির্বাহী ম্যাজিস্ট্রেট জনাব মোঃ সারওয়ার আলম কর্তৃক পরিচালিত মোবাইল কোর্ট চলাকালে সেখানে উপস্থিত জনাব নাজিম উদ্দিন-কে ব্যবসায়ে সম্পৃক্ত থাকার অজুহাতে, চাকরি চ্যুতির ভয় দেখিয়ে তাঁর নিকট হতে অবৈধভাবে দুইবারে মোট ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকা গ্রহণ করেন;

২। যেহেতু, আপনার এহেন কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) অনুযায়ী "অসদাচরণ" ও "দুর্নীতি" এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ;

৩। সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) অনুযায়ী "অসদাচরণ" ও "দুর্নীতি" এর অপরাধে একই বিধিমালার বিধি ১২(১) মোতাবেক জনাব মোঃ শাহিনুর ইসলাম (বিপি-৮৯১৬১৭৮৪৩৬), সহকারী পুলিশ সুপার, র‌্যাব-৬, খুলনা (সাবেক সহকারী পুলিশ সুপার, র‌্যাব-০২, ঢাকা)-কে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো;

৪। বাংলাদেশ সার্ভিস রুলস (বি.এস.আর) পার্ট-১, বিধি-৭১ মোতাবেক সাময়িক বরখাস্তকালীন তিনি খোরাকী ভাতা প্রাপ্য হবেন।

৫। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোস্তফা কামাল উদ্দীন**
সিনিয়র সচিব।